



আলী নাজমি (ALI NAJMI)
কাউন্সিল ডিসট্রিক্ট ২৩

ভোটার গাইডের ভিডিও

ডেমোক্র্যাটিক প্রাইমারী ১ www.nycfb.info/voterguide

হ্যালো, আমার নাম আলী নাজমি এবং আমি আপনাদের সিটি কাউন্সিল মেম্বার নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতা করছি। আমি আমার সারা জীবন উন্নত ও নিরাপদ কুইন্সের পরিশ্রম করেছি। আমার আর আমার বোনের উন্নত জীবনের জন্য ১৯৮০ সালে আমার মা ও বাবা অভিবাসী হিসাবে এদেশে আসেন। আমি এই নেইবারহুডে খুব আনন্দে বড়ো হয়েছি - এবং আমি এই এলাকাটিকে বসবাস ও সন্তান বড় করতে সিটির মধ্যে সবচেয়ে সেরা করার জন্য এখানে থাকার ও কাজ করার সিদ্ধান্ত নিয়েছি। কারণ, আমি যদিও এই কমিউনিটি এবং সিটিকে ভালবাসি, আমি জানি যে, এটাকে ন্যায্য, ন্যায্যসঙ্গত ও নিরাপদ করার জন্য এখানে অনেক জরুরি কাজ করার প্রয়োজন। এই ডিসট্রিক্টকে উন্নতির জন্য আমার পরিকল্পনা হলো। এই পরিকল্পনার প্রথম পদক্ষেপ হলো সবার জন্য একটি অর্থনীতি গড়ে তুলে যা শুরু হবে আরও কর্মসংস্থান ও শিক্ষার উন্নতির দিয়ে। আমার মা ও বাবা প্রথম যখন এই ডিসট্রিক্টে বাস করতে এসেছিলেন তখন তাঁদের কাছে টাকা পয়সা খুব কম ছিল - কিন্তু তাঁরা কাজ পেয়েছিলেন এবং তাঁদের সন্তানদের জন্য উত্তম শিক্ষা। এখন, ৩০ বছর পরে, আমি আমার পরিবারের সর্বপ্রথম ব্যক্তি যে কলেজ ও ল স্কুল থেকে গ্র্যাজুয়েট হয়েছি। এই ডিসট্রিক্টের প্রত্যেকের জন্য সমান সুযোগ এবং অবশ্যই ভাল পাবলিক স্কুল আনয়ন এবং উত্তম কর্মসংস্থানের জন্য আমি সিটি কাউন্সিলে প্রতিদ্বন্দ্বিতা করছি। এই পরিকল্পনার পরবর্তী পদক্ষেপ হলো এই ডিসট্রিক্টকে উন্নত করার জন্য প্রয়োজনীয় সম্পদ সংগ্রহ করা। জ্যামাইকা অ্যাভিনিউ - এবং আরও অনেক রাস্তা ঘাট - একেবারে জগাখিচুড়ি হয়ে আছে এবং মেরামতের প্রয়োজন। আমাদের বয়স্ক ব্যক্তিদের সেবা যত্নর জন্য আরও সম্পদ বিনিয়োগ করতে হবে। আমাদের আরও অনেক সবুজ উদ্যান ও বাগানের দরকার যেখানে আমরা পরিবার ও সন্তানদের নিয়ে আরাম ও আয়েস করতে পারি। এবং, পরিশেষে, আমাদের নিশ্চিত করতে হবে যে, আমাদের ডিসট্রিক্টের এবং সিটির সকল কমিউনিটির নিরাপত্তা ও ন্যায্যবিচার বজায় থাকে। এটি একটি মহা পরিকল্পনা এবং এটি বাস্তবায়ন করা সহজ নয়। আপনাদের কাউন্সিল মেম্বার হিসেবে, আমি প্রতিদিন কঠোর পরিশ্রম করে নিশ্চিত করব যে, এই ডিসট্রিক্টের প্রত্যেকেই ভাল চাকুরি পাবার, সর্বোত্তম শিক্ষার সুযোগ এবং এই সিটির সমৃদ্ধি ও সম্পদে ভাগের সমান সুযোগ পায় - এবং আমি আপনাদের এই প্রতিশ্রুতি দিচ্ছি যে আমার থেকে বেশী আর কেউ পরিশ্রম করবে না। আপনাদের কাছে এইটা আমার প্রতিশ্রুতি। আবার বলছি, আমার নাম আলী নাজমি এবং আমি আপনাদের সিটি কাউন্সিল মেম্বার নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতা করছি। আপনার সময়ের জন্য ধন্যবাদ।

পুনঃ প্রকাশিত - যেমনটি প্রার্থী সরবরাহ করেছেন। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম-এ অংশগ্রহণকারী।